

দোয়েল পাখির গান
জাকির আবু জাফর

# দোয়েল পাখির গান

জাকির আবু জাফর




আধুনিক প্রকাশনী
ঢাকা

www.pathagar.com




দোয়েল পাখির গান
জাকির আবু জাফর

প্রথম প্রকাশ-জুলাই ২০০০

**প্রকাশনায়**
আধুনিক প্রকাশনী
২৫, শিরিসদাস লেন
বাংলা বাজার ঢাকা-১১০০
ফোন ঃ ৭১১ ৫১ ৯১

প্রচ্ছদ ও অলংকরণ ঃ মিম
ক্ল্যাসিক প্রোডাক্টস, ফোনঃ ৪১৯৭১৮

মূল্য = ৪০ টাকা

www.pathagar.com

মীর কাসেম আলী
শ্রদ্ধাভাজনেষু



www.pathagar.com






**অন্যান্য বই**

চাঁদের ভেলা
কালের সমুদ্র
নন্দিত বেদনা
মুখোমুখি আজীবন
ফুলে ফুলে কোলাহল


www.pathagar.com



## অবাক আমি

বিশ্ব নিয়ে অবাক আমি
ভাবছি বসে প্রভু
অথৈ সাগর কূলকিনারা
পাইনা খুঁজে কভু
জানি তোমার দয়ার দানে
আকাশ মাটি সব
বিশ্ববাসী তোমার নামে
তুলছে কলরব।

www.pathagar.com



## হলুদ পাখি

আয়রে সুখের দুয়ার খুলে
হলুদ বরণ পাখি
সবুজ গাঁয়ের বাঁক জুড়ে শোন
নিঝুম ডাকাডাকি।
নতুন দিনে নতুন সাজে
বাঁধবো নতুন ঘর
বিশ্ব জুড়ে আসবে আবার
সুখের কলস্বর।

www.pathagar.com

## রাজপথ



আলোকিত রাজপথে চলবো
সত্যের কথা সব বলবো।


জীবনের রহস্য জানবো
সোনালী সকাল খুঁজে আনবো।

সাহসের হাত ধরে নিত্য
তরতাজা করে নেব চিত্ত।

আঁধারের বুনিয়াদ ভাঙবো
আলোকের রঙ মেখে রাঙবো।

নতুন এক সুরধ্বনি আসবে
পৃথিবী বুক ভরে হাসবে।





## হারানো সময়

সময়ের প্রতি তুমি কর যদি হেলা
সময় তোমাকে নিয়ে জমাবেই খেলা।

সে খেলায় আছে জেনো শুধু পরাজয়
জীবনের বাঁকে বাঁকে জাগে ভরাভয়।

পৃথিবীর সবকিছু দিলে বিনিময়
ফিরে পাবে এতটুকু হারানো সময়?

www.pathagar.com



## সবুজ পাখি

নীলের দেশে যাবো আমি
হতে তারার সাথি
তারার দেশে জ্বালবো প্রদীপ
সবুজ ফুলের বাতি।

আজব কথা বলবে সবাই
দেখবে দুচোখ খুলে
তারার দেশে সবুজ বাতি
আসলো কিরে ভুলে?

বলবো হেসে ভুল করে নয়
আমিই সবুজ পাখি
আমিই এখন সবুজ হয়ে
তারার দেশে ডাকি।

www.pathagar.com



## বনানী অরণ্য


সাহসী
জীবনের
জন্য
বাধা নয়
মরু বনবনানী অরণ্য।

চাও যদি
পৃথিবীতে
শান্তি
দূর করো
সব ভুল ভ্রান্তি।

www.pathagar.com

## আলোর ফুল

খারাপ কথা বলবে না কেউ
চুপ
পৃথিবীটার পাল্টে গেছে
রূপ।
কেউ যেন আর আগের মত
নাই
কথায় কাজে দ্বন্দ্ব শুধু
পাই।



হানাহানি নিত্য সকল
দিক
কিছুই যেন ঠিক থাকে না
ঠিক।
আমরা আলোর ফুল ফোটাবো
ফুল
ভেঙে দেবো সকল কূলের
ভুল।




www.pathagar.com

## দেশের গান

কাজলদীঘির কালো জলে
পদ্মফুলের হাসি
শিশির মাখা ঘাসের শিরে
মুক্তা রাশি রাশি।

আমার দেশে রূপের রতন
কাব্য গানে গানে
নীল সাগরে উদাস সুরে
মন যে আমার টানে।
ঝরা ফুলের সুবাস যেন ভালোবাসাবাসি।

ভোরের আকাশ মিষ্টি রোদে
দোয়েল ছড়ায় সুর
ঝাঁকের পরে ঝাঁক চলে যায়
পাখিরা সুদূর।
এ দেশেরই মাটি মানুষ গভীর ভালোবাসি।




www.pathagar.com

## আসবে বিজয়

স্বাধীনতার ডাক পড়েছে
সামনে এখন যুদ্ধ
আনতে বিজয় অস্ত্র হাতে
স্বপ্ন অনিরুদ্ধ।

সবুজ পাতার সবুজ হবে
রক্তে ভিজে সিক্ত
যুদ্ধ এখন অস্ত্র হাতে ধনী গরীব রিক্ত।

আসবে বিজয় আসবে
খোকন সোনা হাসবে
বিজয় দিনে সোনার রবি আনবে বায়ু শুদ্ধ



www.pathagar.com

## মিষ্টি কেন আম

তোমরা কি কেউ বলতে পার
মিষ্টি কেন আম?
পাতার ফাঁকে ঝুলছে কেন
ছোট্ট কালো জাম।

লম্বা লাঠি আঁখের ভেতর
মিষ্টি ভরা রস
টক তেতুলের গন্ধে মুখে
রস করে টসটস।

কোন সে তুলির রঙে আঁকা
রূপোর থালা চাঁদ
কার ইশারায় নদীর জোয়ার
ভাঙছে দু'কূল বাঁধ?





www.pathagar.com



## আপনজন

পেরিয়ে গেছে অনেক সময়
তাকিয়ে দেখি পিছে
অবহেলায় কাজ করিনি
তাই পড়েছি নিচে।

সত্যিকারের মানুষ হব
এই আমাদের পণ
কবুল করো আল্লাহ মহান
তুমি আপনজন।

www.pathagar.com


## যখন আমি

যখন আমি এই ভূবনে
থাকবো না
যাবার পরে আবার ফিরে
আসবো না।
ভুলে যাবে সবাই মনে
রাখবে না
আদর করে কেউ কখনো
ডাকবে না।



ভালো ভালো কাজগুলো কেউ
ভুলবে না
অসৎ লোকের নাম মুখে কেউ
তুলবে না।
সত্য পথে যারা ধরায়
চলবে না
ফেরেশতারা তাদের কথা
বলবে না।

www.pathagar.com



## ফুল ও মৌমাছি

াছি একদিন ফুলকে বলে
ন এজীবন কেমনে চলে?

লে
মৌমাছি কর ভনভন
কেন তুমি অসময়ে কর জ্বালাতন?


মৌমাছি বলে
তুমি নিষ্ঠুর ফুল
আমাদের রুজি দিতে
কেন কর ভুল।

জিজ্ঞেস করে ফুল
কেন আস ভাই?
কেন বলো বারবার
শুধু খাই খাই?
উচ্ছ্বাসে মৌমাছি তাড়াতাড়ি কয়
যার দানে মধু পাও তাকে কর ভয়।

ফুল হেসে বলে এসো
আর দেরি নয়
তাঁর নামে খেয়ে নাও
থাকতে সময়!



www.pathagar.com



## আমন্ত্রণ

মরুভূমির বুকের উপর ফুটলো ফুল
খুশির জোয়ার উপচে উঠে নদীর কূল।

আঁধার চিরে উঠলো হেসে আলোর চাঁদ
ভাঙলো যুগের অন্ধকারের সকল বাঁধ।

পাখির গানে ভরলো পাহাড় সবুজ বন
সবার কানে জান্নাতেরই আমন্ত্রণ।

মহান ডাকে পড়লো সাড়া জগত ভর
হাজার মায়ের সন্তানেরা পরস্পর

এক হৃদয়ে বাঁধলো বাসা একটি ঘর
বুক মিশালো নেই ভেদাভেদ আপন পর।

www.pathagar.com



## দেশের মাটি

দেশের মাটি
কতই খাঁটি
কতো দিনের চেনা
কিছুই দিয়ে
যায় না তোমার
ভালোবাসা কেনা।
তোমার বুকে
অরূপ ছবি
রূপের সমাহার
এই পৃথিবীর
অন্য কোথাও
নাই তুলনা আর
পাহাড় সাগর
সবুজ ভূমি
নদীর কলতান
তোমার বুকে
সকল কিছু
আল্লাহ তা'লার দান।

www.pathagar.com


## সাহসের তলোয়ার

আমাদের গতি হবে দুর্বার
অপরাধ ভেঙ্গে হবে চুরমার।


হাতে আছে সাহসের তলোয়ার
আমরা যে সত্যের ফলোয়ার।

সত্যের রাজপথে বারবার
চলে যাবো সাফ সাফ কারবার।

মিথ্যার কলজেটা খুনিয়া
এনে দেব নতুন এক দুনিয়া।



www.pathagar.com



## আকাশ ও জমিন

জমিন ডেকে বললো আকাশ
কেমন আছ ভাই
কেমন করে খুঁটি বিহীন
দাঁড়িয়ে আছ ঠাঁই!
তোমার বুকে জনম ভরে
সূর্য আনে ভোর
কেমন করে সূর্য ওঠে
কোথায় তোমার দোর?
আকাশ হেসে বললো জমিন
করছো কেন ভুল
যাঁর তুলিতে আঁকা আমি
তার কি আছে তুল?

www.pathagar.com



**সফলতা**

ধীরে ধীরে কাজ করো
        সফলতা আসবে
আলো ভরা ঝলমল
        জীবনটা হাসবে।

ধৈর্যের গুণ আছে জানবে
ধৈর্যই জীবনের
        সফলতা আনবে।

www.pathagar.com



## আকাশ থেকে সাগর

দিকবিদিকে শুনছি আবার নতুন শোর
আঁধার শেষে জাগছে দেখো নতুন ভোর।

আকাশ থেকে ঝরছে দেখ মেঘের গান
দখিন হাওয়ায় হাসছে সুবাস ফুল বাগান।

আমরা কিশোর দু'চোখ ভরা স্বপ্ন দল
মেলছে পাখা আকাশ থেকে সাগর তল।

আনবো আবার নতুন দিনের নতুন সুর
আঁধার কালো তাড়িয়ে দেব অনেক দূর।



www.pathagar.com

## আগামীর তরুণেরা

শান্তির সন্ধানে পৃথিবী যে হন্য
সেরাজীব মানুষ আজ কেন হল বন্য?

জীবন আর মরণের
মাঝখানে দ্বন্দ্ব
শান্তির দরজাটা
কেন হলো বন্ধ?


আগামীর তরুণেরা চল ছুটে ছুটে চল
একটানে ছিঁড়ে ফেল দুখ ভরা শৃংখল।







## মরা মাটি



বিষ্টিরা নেমে আসে জমিনে
দেখে সব ভাবে নাকো কমিনে

মরা মাটি ভরে ওঠে সবুজে
চোখ বুঁজে থাকে যারা অবুজে।

ধান পাট শস্যের ফলনে
স্রোত ভরা নদীদের চলনে।

এতসব দেখে ভাবি নয়নে
কি মধুর স্রষ্টার চয়নে।

www.pathagar.com



## একটু কাছে আয়না

আয়রে খোকন আয়না
ধরিসনে আজ বায়না
আজকে খুশীর বিজয় দিবস
একটু কাছে আয়না।

তুমি আমি  হাত মিলাবো
দেশকে গড়ার জন্য
বিজয় দিনে শপথ নিলাম
আর কথা নয় অন্য।

আমরা বিজয় দিনের পাখি
আকাশ জুড়ে উঠছি ডাকি
সেই বিজয়ের গানে হবে দেশবাসীরা ধন্য।



www.pathagar.com



গল্প

কান পেতে শোনো বলি
মজার এক গল্প
বেশি বেশি কথা বলে
কাজ করে অল্প।
মনে মনে ভাবে যেন
বুদ্ধিতে পাক্কা
ইশারায় চলে বুঝি
জীবনের চাক্কা।
গাল ভরা হাসি ফোটে
লোকে বলে আচ্ছা
বোকামিতে এই লোক
বিলকুল সাচ্ছা।



www.pathagar.com



## পৃথিবীটা কাঁদছে

নিঃস্ব এ পৃথিবীটা কাঁদছে
আলোকের আশা বুকে বাঁধছে

শান্তির পাখিরা কি আসছে
বেদনার মুখগুলো হাসছে

দুখ নিয়ে পৃথিবীটা হাঁকছে
শান্তির কাফেলাকে ডাকছে।



www.pathagar.com

## গোমড়া মুখে

গোমড়া মুখে থেকো না
মন্দ নামে ডেকো না।

সময় নষ্ট করো না
অসুন্দরে মরো না।

মিথ্যে কথা বলো না
ভুলের পথে চলো না।



www.pathagar.com

**মনের মত**

লেখাপড়া করতে হবে শোনো
পড়ার কাজে আলসেমি নেই কোনো।
        সব বিষয়ে জানতে হবে
        ভালো সবি মানতে হবে
        তবে
        সব মানুষের আপন হয়ে রবে।
পৃথিবীটা গড়তে হবে ওরে
গড়তে হবে মনের মত করে।



www.pathagar.com



## আলোর নদী

নিজের জীবন গড়তে পারো যদি
বুকের ভিতর বইবে আলোর নদী।

শান্তি সুখে ভরবে তোমার ঘর
সবাই হবে আপন তোমার
থাকবে না কেউ পর।

www.pathagar.com

## নবীর গান

হাসনাহেনা জুঁই চামেলী
আয়রে তোরা আয়
সবাই মিলে যাইরে চলে
নবীর মদীনায়।

নবীর দেশে গানের পাখি
গান ধরেছে সব
মোহাম্মদের নামে গানের
শুনছি কলরব।
আকাশ জুড়ে গানের মধুর সুর ছড়িয়ে যায়।

দিনে রাতে রহম ঝরে
কদম পরে যার
সালাম দিয়ে ভরে দেব
কদমখানি তার।
শিমুল পলাশ ও শেফালী আয়রে ছুটে আয়।






www.pathagar.com